আল্লাহ আমাদের বিজয়ের জন্য প্রস্তুত করছেন

Allah is Preparing us For Victory

শাইখ আনওয়ার আল আওলাকি (রহিমাহুল্লাহ)

আল্লাহ আমাদের বিজয়ের জন্য প্রস্তুত করছেন

যখন আল্লাহ কোন কিছু চান,তখন তিনিই তার জন্য প্রয়োজনীয় উপায়-উপকরণ প্রস্তুত করে দেন।
উল্লেখিত এই মূলনীতিটি গ্রহণ করা হয়েছে ইমাম ইবনে আসীর রহ. এর কালজয়ী ইতিহাস গ্রন্থ আল-কামিল থেকে। যার সারমর্ম হল,আল্লাহ রাব্বুল আলামীন যদি কখনো কোনো অবস্থার সমাপ্তি চান তাহলে তিনি এমন পরিস্থিতি ও উপায় উপকরণ তৈরী করে দেন,যা সব কিছুকে সেই সমাপ্তির দিকেই পরিচালিত করে। তাই আল্লাহ তাআলা যদি এই উম্মাহর বিজয় চান তাহলে তিনি এমন পরিবেশ,পরিস্থিতি তৈরী করবেন,যা এই উম্মাহর বিজয়কে ত্বরান্বিত করবে। আর সেক্ষেত্রে আপনারা (যাদেরকে আল্লাহ তাআলা সঠিক জ্ঞান দান করেছেন) বর্তমান বিশ্ব পরিস্থিতি দেখেই বুঝতে পারবেন যে,আল্লাহর ইচ্ছায় মুসলিম জাতির বিজয় এখন সময়ের ব্যাপার মাত্র। বর্তমানে যা কিছু ঘটেছে,সেই ঘটনা প্রবাহ থেকে বিজয়ের আগাম বার্তা পাওয়া যাচ্ছে।

আমরা যদি ধরে নেই যে,ইমাম ইবনে কাসীর রহ. এর এই মূলনীতিটি সঠিক,তাহলে আমরা প্রমান করতে সক্ষম হবো যে,বর্তমান অবস্থার পরিবর্তন ইনশাআল্লাহ সময়ের ব্যাপার মাত্র।
বিজয়ের ব্যাপারে আমরা যদি কুরআন ও সুন্নাহতে বর্ণিত সাধারণ মূলনীতিগুলোর দিকে লক্ষ্য করি,তাহলে আমরা দেখতে পাবো যে মহান আল্লাহ সুবহানাহু তাআলা তার কুরআনে এই উম্মাহর বিজয়ের ব্যাপারে প্রতিশ্রুতি দান করেছেন এবং তার রাসুল (সা.) ও এই উম্মাহকে বিজয়ের সুসংবাদ দিয়েছেন।
অতএব এটা আমাদের ঈমান ও আকীদার একটি গুরুত্বপূর্ণ অংশ যে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি-এই উম্মাহই অবশেষে বিজয়ী হবে,তাতে তাদের বর্তমান অবস্থা যাই থাক না কেন। আর এ্ই উম্মাহর বিজয়ের ব্যাপারে আপনার মনে যদি কোনো সন্দেহ-সংশয় থাকে তাহলে বুঝতে হবে যে,আপনার ঈমান-আক্বীদার নিশ্চয়ই

কোনো সমস্যা আছে। কেননা এ বিষয়ে কুরআন ও সুন্নাহতে বিবৃত দলীলগুলো এতোই মজবুত ও সুস্পষ্ট যে,বিষয়টিকে উপেক্ষা করার কোন উপায় নেই।

আপনাদের সদয় অবগতির জন্য নিম্নে কুরআন ও সুন্নাহর কিছু দলীল উপস্থাপন করছি। মহান আল্লাহ বলেন,
অর্থ: আর আমি পূর্ববতী উপদেশের (তাওরাত) পর যবূর কিতাবেও লিখে দিয়েছি যে,সৎকর্মপরায়ণ বান্দাগণই অবশেষে পৃথিবীর অধিকার ও কর্তৃত্ব লাভ করবে। (সূরা আম্বিয়া: আয়াত ১০৫)

সুতরাং শেষ পর্যন্ত আল্লাহ তাআলার সৎকর্মপরায়ণ বান্দাগণ পৃথিবীর বুকে প্রতিষ্ঠা লাভ করবে। আল্লাহ তাআলা বলেন,
অর্থ:আমার বান্দা ও রাসূলগনের ব্যাপারে আমার এ সিদ্ধান্ত অনেক আগে থেকেই হয়ে আছে যে তাদেরকে নিশ্চয়ই (আমার পক্ষ থেকে) সাহায্য করা হবে এবং আমার বাহিনীই (সর্বশেষ) বিজয়ী হবে। (সূরা সাফফাত:আয়াত ১৭১-১৭৩)

এখানে আল্লাহ তাআলা নবী রাসূলদেরকে প্রতিশ্রুতি দিয়েছেন যে,তিনি তাদেরকে অবশ্যই বিজয় দান করবেন। অন্য এক আয়াতে আল্লাহ তাআলা আরো বলেন,
অর্থ: নিশ্চয়ই এই পৃথিবী আল্লাহর,তিনি তাঁর বান্দাদের মাঝে যাকে খুশি কর্তৃত্ব দান করেন,তবে চূড়ান্তভাবে মুত্তাকীগণই এর কর্তৃত্ব লাভ করবে। (সূরা আরাফ: আয়াত ১২৮)
অর্থ্যাৎ আল্লাহ জমিনের কর্তৃত্ব সাময়িক সময়ের জন্য মুমিন বা কাফির যাকে খুশি দান করতে পারেন কিন্তু চূড়ান্ত ভালো পরিণতি কেবলমাত্র মুত্তাকী মুমিনদের জন্যই।
অন্য এক আয়াতে আল্লাহ তাআলা আরো বলেন,
অর্থ: ওরা চায় ফুৎকার দিয়ে আল্লাহর আলো নিভিয়ে দিতে,কিন্তু আল্লাহ তা পূর্ণাঙ্গ করবেনই,কাফিরদের নিকট যতই তা ঘৃনা ও গাত্রদাহের কারণ হোক। (সূরা তাওবা: আয়াত ৩২)

আমরা এখন দেখতে পাচ্ছি যে কাফিররা তাদের সর্বশক্তি নিয়োগ করেছে আল্লাহর নূরকে নিভিয়ে দেয়ার জন্য। তারা প্রাণপণ চেষ্ঠা চালাচ্ছে আল্লাহর আলো তথা তাঁর মনোনীত জীবন ব্যবস্থা ইসলাম এবং মুহাম্মাদ সা. এর রিসালাহ নির্বাপিত করতে। ইসলামের প্রচার,প্রসার ও প্রতিষ্ঠার কাজকে বাঁধাগ্রস্থ করার জন্য এমন কোনো হীন পন্থা ও কাজ নেই যা তারা অবলম্বন করছে না। কিন্তু আল্লাহ তাআলা সুস্পষ্টভাবে বলে দিয়েছেন যে,এ কাজে তারা সর্বোতভাবে ব্যর্থ হবে।

তারা আল্লাহর নূরকে নিভিয়ে দেয়ার জন্য যে পরিমান অঢেল অর্থ খরচ করে,তা যে কাউকে বিস্মিত করে। ভেবে দেখুন ,আল্লাহ ওদের কত নিয়ামত দান করেছেন,ওদের হাতে কত সহায় সম্পদ রয়েছে,অথচ সবকিছু ওরা বিনিয়োগ করছে ইসলামকে নিশ্চিহ্ন করার জন্য !

আমরা মুসলিম উম্মাহর অধিকাংশ লোকেরাই আজকাল শুধু অনুযোগ করে বলি,আমরা তাদের সাথে কীভাবে মোকাবেলা করবো? ওরা মিডিয়া নিয়ন্ত্রন করছে,পৃথিবীর তাবৎ বহুল প্রচারিত সংবাদপত্র ওদের মুখপাত্র,সকল ক্ষমতাধর রেডিও স্টেশন ওদের দখলে,পৃথিবীর প্রভাবশালী মিডিয়া ওদের কব্জায়,সরকার ও পুলিশ বাহিনী ওদের বশীভূত,এক কথায় গোটা বিশ্ব আজ তাদের করতলে। পৃথিবীর যাবতীয় কলকাঠি ওরাই নাড়ছে। ওদের হাতে যাবতীয় অর্থকড়ি,সহায় সম্বল। অতএব রণে ভেঙ্গে দেওয়া ছাড়া আমাদের কিছুই করার নেই। তাই আমাদের উচিত সংগ্রামের পথ পরিহার করে বিকল্প কোন উপায়ে ওদের মোকাবেলা করা,সম্মুখ সমরে আমাদের যাওয়া উচিত নয় যেহেতু কোনভাবেই আমরা ওদের সমকক্ষ হতে পারবো না! বরং রাজনীতি ও কূটনীতির আশ্রয়ে ওদের মোকাবিলা করাই শ্রেয়।

অথচ আমরা যদি আল্লাহর কুরআন মনোযোগ দিয়ে পড়তাম,তাহলে নিশ্চিতভাবে বুঝতে পারতাম যে,ইসলামকে প্রতিরোধের জন্য তাদের এই শত শত মিলিয়ন ডলার বাজেট দেখে আমাদের ঘাবড়ানোর কিছুই নেই। কারণ স্বয়ং আল্লাহ আযযা ওয়া জাল্লা তাদের সম্পর্কে বলেছেন,

অর্থ: বস্তুত এখন ওরা আরও ব্যয় করবে। খানিকপর তাই ওদের জন্য আক্ষেপের কারন হবে এবং শেষ পর্যন্ত ওদের পরাজিত করা হবে। আর কাফিরদের জাহান্নামে একত্রিত করা হবে। (সূরা আনফাল: আয়াত ৩৬)

সুতরাং তাদের কাড়ি কাড়ি টাকা,শত শত মিলিয়ন খরচ করতে দিন। কেননা, আল্লাহ তাআলা বলেছেন,তারা প্রথমে তাদের অর্থবিত্ত ও সহায় সম্পদ খরচ করে নি:স্ব হবে,মনোক্ষুন্ন হবে,তারপর তাদের উপর পরাজয়ের গ্লানি নেমে আসবে। সুতরাং আল্লাহর দ্বীনের বিরুদ্ধে তাদেরকে তাদের সম্পদ খরচ করতে দেখে আমাদের বরং আরো খুশী হওয়া উচিত। কেননা,এর অর্থ হলো তাদের পরাজয় ঘনিয়ে আসছে এবং ইসলামের বিজয় অতি সন্নিকটে চলে আসছে।

তাদের অর্থনৈতিক রক্তক্ষরনের কথা এখন তারা নিজেরা গোপনও রাখতে পারছে না। এখন তারা নিজেরাই বলছে যে, আফগান ও ইরাক যুদ্ধ তাদের জন্য ভিয়েতনাম ও কোরিয়ার যুদ্ধের চেয়েও বেশি ব্যয়বহুল হয়ে এক বিশাল অর্থনৈতিক বিপদ ডেকে এনেছে।
কোরিয়ার যুদ্ধে তাদের ব্যয় হয়েছিল ২০০ বিলিয়ন ডলার আর ভিয়েতনাম যুদ্ধে ব্যয় হয়েছে ৪০০ বিলিয়ন ডলার। কিন্তু ইরাক যুদ্ধে ইতিমধ্যেই প্রায় ৮০০ বিলিয়ন ডলার খরচ হয়ে গেছে। আরো হচ্ছে। মার্কিন অর্থনীতি ক্রমশ মুখ থুবড়ে পড়ছে। তাদের অর্থ খরচের বহর দেখে যে কেউ বুঝতে পারবে যে আভ্যন্তরীন রক্তক্ষরনের কারনে অচিরেই তাদের অর্থনীতিতে ভয়াবহ ধস নামবে।আর আমরা দেখতে পাচ্ছি যে, আল্লাহর আয়াতের বর্ণনার সাথে তাদের অবস্থা অক্ষরে অক্ষরে মিলে যাচ্ছে। তারা এভাবে তাদের সম্পদ ইসলামের বিরুদ্ধে খরচ করবে এবং তারপর তারা নিজেরাই আফসোস করবে। এটা তাদের হাতের কামাই। নিজেদের কৃতকর্মের পরিনাম। অতএব এর পরিনতি তাদের ভোগ করতেই হবে। কারণ ইরাক ও আফগান যুদ্ধে আসার জন্য কেউ তাদেরকে বাধ্য করেনি। বরং অন্যের পায়ে পারা দিয়ে ঝগড়া করার মতো তারা নিজেরা স্বেচ্ছায় এই যুদ্ধের আগুন জ্বালিয়েছে। অতএব নিজেদের হাতে নিজেদের মৃত্যুকূপ খনন করার পরিনতি তারা শ্রীঘ্রই টের পাবে। কিন্তু তখন

তাদের কিছুই করার থাকবে না। আল্লাহর আয়াতের বক্তব্য অনুযায়ী তারা তাদের সম্পদ খরচ করবে,আফসোস করবে এবং তারপর তারা সদলবলে পরাজিত হবে। ১

আমেরিকার যুদ্ধাংদেহী মনোভাবের সাদৃশ্য খুঁজে পাওয়া যায় তাদের আদর্শিক গুরু আবু জাহেলের ঘটনায়,যে মুসলমানদের সাথে যুদ্ধ করার ঔদ্ধত্য প্রদর্শন করে বদরের ময়দানে এসে হাজির হয়েছিলো। অথচ তার যুদ্ধ করতে বদরের ময়দানে আসার কোন প্রয়োজন ছিল না। মুসলিমরা যে বানিজ্য বহরকে তাড়া করেছিলো,তা নিরাপদ অবস্থানে চলে গিয়েছিলো। এমনকি বানিজ্য বহরের নেতৃত্বে থাকা আবূ সুফিয়ান তাকে দূত মারফত পত্র পাঠিয়ে জানিয়েছিলো যে,আপনারা মক্কায় ফিরে যান।আমি আমার বানিজ্য বহর রক্ষা করে নিরাপদ অবসস্থানে চলে এসেছি।

কিন্তু ঔদ্ধত,দুর্বিনীত আবূ জাহেল অহংকার প্রদর্শন করে বলেছিলো,না, আমরা অবশ্যই যাবো এবং তাদের মোকাবিলা করবো। আমরা বদরে যাবো,সেখানে তিনদিন থেকে আনন্দ ফূর্তি করবো,মদপান করবো,নর্তকীরা নেচে গেয়ে আমাদের মনোরঞ্জন করবে। আমি চাই গোটা আরববিশ্ব আমাদের যুদ্ধযাত্রার খরব শুনুক এবং জেনে নিক যে কুরায়েশদের আত্মসম্মানে আঘাত করা কিছুতেই বরদাশত করা হবে না। বদর ময়দানে তিনদিন অবস্থান করে গোটা আরবে এই বার্তা পৌঁছে দেয়া হবে যে,কুরায়শদের দিকে কেউ হাত বাড়ালে তা কিছুতেই সহ্য করা হবে না। অতএব কেউ যেনো আর কোনোদিন কুর্াইশদের বিরুদ্ধে লড়ার দু:সাহস না দেখায়। (বদর যুদ্ধ সংক্রান্ত হাদীস ও সীরাত গ্রন্থের বদর যুদ্ধ সংক্রান্ত অধ্যায় দ্রষ্টব্য)।

সেদিন আবূ জাহল যেরূপ ঔদ্ধত্য প্রদর্শন করে বদরের ময়দানে এসেছিলো,যুদ্ধ বেছে নিয়েছিলো,ঠিক একইভাবে বর্তমানে আমেরিকাও ঔদ্ধত্যপূর্ণ আচরণ করছে এবং আবূ জাহেলের পথ বেছে নিয়েছে। তাদের উপর কোন যুদ্ধ চাপিয়ে দেওয়া হয়নি। বরং তারা নিজেরাই এই যুদ্ধ বেছে নিয়েছে। আর এ যুদ্ধের পরিনতি ইতিমধ্যেই প্রকাশ পেতে শুরু করেছে। আর তাদের এই পরিনতি তো অবধারিত।

হযরত আবূ হুরায়রা রা. থেকে বর্ণিত একটি হাদীসে কুদসীতে রাসুল সা. বলেন ,আল্লাহ বলেছেন,
অর্থ: যে কেউ আমার বন্ধুদের সাথে শত্রুতা পোষন করবে,আমি তাদের বিরুদ্ধে যুদ্ধ করবো। (সহীহ আল বুখারী: হাদীসে কুদসী অধ্যায়। সহীহ ইবনে হিব্বান,হাদীস নং ৩৪৭)
সুতরাং মনে রাখা দরকার যে মুসলিমরা আমেরিকার বিরুদ্ধে যুদ্ধ ঘোষনা করছেন! আমেরিকা গোটা বিশ্বের মালিক মহান আল্লাহ তাআলার সাথে স্পার্ধামূলক যুদ্ধে লিপ্ত!
আল্লাহ তাআলা বলেন,
অর্থ: তোমাদের মধ্যে যারা ঈমান এনেছে এবং সৎকর্ম করেছো তাদের সাথে মহান আল্লাহ তাআলা ওয়াদা করেছেন যে,তিনি তাদেরকে অবশ্যই আবারও খিলাফত দান করবেন,যেমনটি তিনি পূর্ববর্তীদেরকে দিয়েছিলেন।
তিনি তোমাদের জন্য তার পছন্দনীয় জীবন বিধানকে সুনিশ্চিত করে দিবেন এবং তোমাদের ভীতিকর পরিস্থিতিকে নিরাপত্তার দ্বারা বদলে দেবেন। (শর্ত হলো) তারা (জীবনের সকল ক্ষেত্রে) কেবল আমারই ইবাদত করবে,আমার সাথে কাউকে শরীক করবে না। তবে এরপরও যারা কুফরী করবে,তারা হলো ফাসিক। (সূরা নূর:আয়াত ৫৫)

এই আয়াতে মহান আল্লাহ তাআলা সুস্পষ্টভাবে বলেছেন যে খিলাফত তাদেরকেই দেওয়া হবে যারা সত্যিকারের ঈমান আনয়ন পূর্বক আমালে সালিহ বা সৎকর্ম করবে।
বর্তমান সময়ে গোটা মুসলিম উম্মাহ এক ভয়াবহ শংকা ও নিরাপত্তাহীনতার মধ্যে বসবাস করছে। আর এই আয়াতে আল্লাহ তা'আলা আমাদের প্রতিশ্রুতি দিচ্ছেন যে,তিনি আমাদের নিরাপত্তা প্রদান করবেন। তিনি এই উম্মতকে খিলাফত ও নিরাপত্তার প্রতিশ্রুতি দিয়েছেন এবং এ দুনিয়াতে চূড়ান্তভাবে তার দ্বীন প্রতিষ্ঠিত করে দেয়ার ওয়াদা দিচ্ছেন।

রাসূল সা. এর বাণীতে উম্মাহর কাল পরিক্রমা ও খিলাফাহর প্রত্যাবর্তন:

একটি হাদীসে রয়েছে যে,হাদীসটিতে রাসূল সা. আমাদেরকে মুসলিম জাতির কাল পরিক্রমা কেমন হবে তার উপর বিস্তারিত ও সুস্পষ্ট বর্ণনা দিয়েছেন। আমাদের প্রত্যেকের উচিত হাদীসটি সতর্কতা ও মনোযোগের সাথে পাঠ করা। হাদীসটিতে রাসূল সা. বলেন,
অর্থ: তোমাদের মধ্যে নবুওয়াত থাকবে যতক্ষন আল্লাহ ইচ্ছা করেন,অত:পর তিনি তা তুলে নিবেন যখন তা তুলে নেয়ার ইচ্ছা করবেন। তারপর আসবে নবুওয়াতের আদলে খিলাফত। তা তোমাদের মধ্যে থাকবে যতক্ষন আল্লাহ ইচ্ছা করবেন। অত:পর তা তুলে নিবেন যখন তা তুলে নেবার ইচ্ছে করবেন। তারপর আসবে বংশীয় শাসন ,তা থাকবে যতক্ষন আল্লাহ ইচ্ছা করবেন। অত:পর তিনি তা তুলে নিবেন যখন তা তুলে নেবার ইচ্ছা করবেন। তারপর আসবে জুলুমের শাসন এবং তা তোমাদের উপর থাকবে যতক্ষন আল্লাহ ইচ্ছা করবেন। অত:পর তিনি তা তুলে নিবেন যখন তা তুলে নেবার ইচ্ছা করবেন। তারপর ফিরে আসবে নবুওয়াতের আদলে খিলাফত। এরপর নবী সা. নীরব থাকলেন। (মুসনাদে আহমদ)

আলোচ্য হাদীসে যে নবুওয়াতের ধারার কথা বলা হয়েছে তা আখেরী নবী হযরত মুহাম্মাদ সা. এর ইন্তেকালের সাথে সমাপ্ত হয়ে গেছে। এরপর তিনি যে খোলাফায়ে রাশেদার কথা বলেছেন তা আরম্ভ হয়েছে হযরত আবূ বকর রা. এর মাধ্যমে আর তা সমাপ্ত হয়েছে হযরত আলী ইবনে আবি তালিব রা. এর খিলাফতের সমাপ্তির মধ্যে দিয়ে। এরপর তিনি বলেছেন,মুলকান যার অর্থ হলো রাজতান্ত্রিক শাসন। এর বাস্তবায়ন হয়ে গেছে বনু উমাইয়া,বনু আব্বাস ও উসমানী খিলাফতের মধ্যে দিয়ে।এরপর তিনি যে জুলুমতন্ত্রের কথা বলেছেন তা হলো আমাদের বর্তমান সমসাময়িক কাল। এটাই হলো স্বৈরাচারী জুলুমতন্ত্র। এরপর আবার আসবে খিলাফতে রাশেদা। এভাবে পৃথিবীর সমাপ্তি ঘটবে,রাসুল যেহেতু শেষে মৌনতা অবলম্বন করেন,তা থেকেই এই ইঙ্গিত পাওয়া যায়।

বর্তমান অবস্থার ব্যাপারে অভিযোগ না করা:

কখনও আমারা সময়ের বা কালের অভিযোগ করে থাকি। (নিজের দায়িত্ব এড়ানোকে বৈধতা দেয়ার জন্য) আমরা বলে থাকি,আমরা সবচেয়ে খারাপ সময়ে বসবাস করছি,মুসলিম উম্মাহ আজ মারাত্মক দূর্বল,অসহায়,পরাজিত,বিচ্ছিন্ন,বিভক্ত। আহ! আমরা যদি সাহাবায়ে কেরামের যুগে জন্ম নিতাম ! কিংবা ইসলামের স্বর্ণালী যুগে থাকতাম! তাহলে কতইনা ভালো হতো। কত গুরুত্বপূর্ণ ভুমিকাই না আমরা পালন করতে পারতাম। এমন অভিযোগ করা আমাদের মোটেই শোভনীয় নয়,কিছু যৌক্তিক কারন নিচে তুলে ধরা হলো,

প্রথম কারন:
জনৈক তাবেঈ একজন সাহাবীকে জিজ্ঞাসা করেন,রাসূল সা. যখন আপনাদের মাঝে ছিলেন, তাঁর সাথে আপনারা কী রূপ আচরণ করতেন? কিভাবে তার সমাদর করতেন?
উত্তরে সাহাবী বললেন যে কিভাবে তারা রাসুলের সমাদরের ব্যাপারে তাদের সামর্থের সর্বোচ্চ প্রচেষ্টা করতেন।
সাহাবীর কথা শুনে তাবেঈ বললেন,রাসূল সা. আমাদের জীবদ্দশায় পেলে তাঁকে কাঁধে তুলে রাখতাম।

এখানে আমরা তাবেঈর কথা একটু বিশ্লেষণ করলে বুঝতে পারবো। তিনি যেনো বলতে চাচ্ছেন যে,সাহাবায়ে কিরামগণ আল্লাহর রাসূর সা. কে যথাযথ মর্যাদা দিতে পারেননি। এবং আল্লাহর রাসূল সা. তাদের সময়ে যদি বেঁচে থাকতেন তাহলে তারা সাহাবীদের চেয়েও আল্লাহর রাসূর সা. কে আরো বেশি সমাদর ও মর্যাদা দিতে পারতেন।

তার কথার উত্তরে সাহাবী বললেন,সাহাবায়ে কিরামগণ আল্লাহর রাসূল সা. কে কেমন মর্যাদা দিতেন,কেমন ভালবাসতেন,তাঁরা দীনের জন্য কেমন আত্মত্যাগ স্বীকার করেছেন তা এমন কোনো ব্যাক্তির পক্ষে যথাযথভাবে বোঝা সম্ভব নয় যে সেই সময় উপস্থিত ছিলো না। তিনি আরো বললেন,কেউ জানে না,সে সময় জীবিত থাকলে সে কী করতো,আমাদেরকে নিজেদের জন্মদাতা পিতা ও আপন ভাইদের বিপক্ষে যুদ্ধ

করতে হয়েছে,যা কখনই সহজ কোন ব্যাপার ছিল না। এর এখন তোমাদের পিতা,মাতা,ভাই,পরিবার,পরিজন সবাই মুসলিম। আর তুমি কেবল ধারনা করছো যে আল্লাহর রাসূল সা. তোমাদের মাঝে বেঁচে থাকলে তোমরা তাঁকে আরো বেশি মর্যাদা দিতে। শোনো এমন কোনো কিছু (সম্মান বা দায়িত্ব) কামনা করো না,যা আল্লাহ তোমাদের জন্য বরাদ্ধ করেন নি।

দ্বিতীয় কারণ:
আমাদের বর্তমান সময় নিয়ে অভিযোগ করা উচিত নয়। বরং আমাদেরকে যে আল্লাহ তাআলা এই সময়ে পাঠিয়েছেন সেজন্য আমাদের উচিত আল্লাহর প্রতি আরো বেশি কৃতজ্ঞ হওয়া। কেনো আমাদের আরো বেশি কৃতজ্ঞ হওয়া উচিত? আসুন ভেবে দেখি!

আমরা জানি গোটা মুসলিম উম্মাহর মাঝে সাহাবীগণের মর্যাদা হলো সবার উপরে। নবীদের পরে মানুষের পক্ষে সম্ভব সর্বোচ্চ আসনে তাঁরা অধিষ্ঠিত। তাদের পরে রয়েছেন তাদের পরবর্তী প্রজন্ম তাবেঈগণ এবং রয়েছেন তাদের পরবর্তী প্রজন্ম তাবে তাবেঈনগণ।
সাহাবায়ে কিরামের মর্যাদা এতো বেশি হওয়ার অন্যতম কারন হলো তাঁরাই সুমহান ইসলামের ভিত্তিমূল রচনা করেছেন। ইসলাম নামক প্রসাদটিকে শূণ্য থেকে অস্তিত্বে এনেছেন। তাঁদের জান ও মালের কুরবানীর উপরই নির্মিত হয়েছে ইসলামের প্রসাদ। তাঁরা যখন কাজ করেছেন তখন ইসলামের কিছুই প্রতিষ্ঠিত ছিল না। তাঁরা এই দ্বীনের ভিত্তি স্থাপন করেছেন। তাঁদের পর যারাই এসেছেন তাদের সবার সামনে দ্বীনের প্রসাদ নির্মিতই ছিল,তারা হয়তো এই ভিত্তির সাথে এখানে ওখানে এক দুটো উপাদান যোগ করেছেন অথবা কালের আবর্তনে দ্বীনের আসল প্রসাদের গায়ে বিদআত নামক আগাছা,পরগাছা গজালে বা শেওলা ধরলে তা হয়তো কেটে কুটে ,ঝেড়ে মুছে পরিস্কার করেছেন।কিন্তু দ্বীনের মূল প্রসাদ তো সাহাবায়ে কিরামদের দ্বারাই প্রতিষ্ঠিত হয়েছিলো। অতএব সংস্কারক বা সৌন্দর্য বর্ধনকারী তো নিশ্চয়ই মূল প্রসাদ নির্মানকারীর সমান মর্যাদা পেতে পারে না।

মূল কথা হলো,সাহাবায়ে কিরাম রা. এর সর্বোচ্চ মর্যাদা প্রাপ্তির কারণ হলো তাঁদের কাজটি ছিলো সবচেয়ে বেশি কঠিন কাজ এবং তাঁরা সেটি আঞ্জাম দেওয়ার জন্য তাঁ;দর পক্ষে সম্ভব সর্বোচ্চ কুরবানী করেছেন।

পরিস্থিতির ব্যাপারে অভিযোগ না করে আমারা যদি সত্যিই কিছু করতে চাই তাহলে আমাদের উচিত সময়ের চাহিদা অনুযায়ী কাজ করা। সময়ের দাবী উপলব্ধি করে আমাদের দায়িত্বটি সঠিকভাবে পালন করা।
কারন উম্মাহর পরিস্থিতি অনুযায়ী একেক সময়ে একেক ধরনের কাজ সময়ের দাবী হয়ে দাঁড়ায়। আর এ কারনেই দেখা যায় যে, তাবেঈগণ হয়তো গুরাত্বরোপ করেছেন এক বিষয়ের উপর তো তাবে তাবেঈগণ করেছেন অন্য এক বিষয়ের উপর। বিষয়টি আরো ভালো করে বোঝার জন্য আমরা কিছু উপমার দিকে লক্ষ্য করতে পারি।

ইমাম বুখারী রহ.
ইমাম বুখারী রহ. যদি একশ বছর পর এসে হাদীস সংকলনের সেই একই কাজ করতেন,তাহলে নিশ্চয়ই উম্মাহর মাঝে তাঁর সেই অবস্থান ও মর্যাদা তৈরী হতো না যে মর্যাদা উম্মতের মাঝে এখন তাঁর রয়েছে।

ইমাম শাফেয়ী বা ইমাম আবূ হানিফা রহ. এর আবির্ভাব যদি আরো এক শতাব্দী পর হতো এবং তাঁরা যদি ফিকহী বিষয়ে গবেষনার সেই একই কাজ করতেন তাহলেও আমাদের মাঝে বর্তমানে তাঁদের যে স্বতন্ত্র মর্যাদা রয়েছে তা কিন্তু থাকতো না। কারন তাদের প্রত্যেকের সমকালীন পয়োজন ছিলো ভিন্ন ভিন্ন। আর এভাবে সময়ের ব্যবধানের কারনে যুগে যুগে প্রয়োজনের ভিন্নতা তৈরী হওয়াটাই স্বাভাবিক।
আরেকটু খেয়াল করলেই দেখতে পাবেন যে,ফিকাহ শাস্ত্রের চারজন ইমামেরই আবির্ভাব হয়েছে একই শতাব্দীতে এবং হাদীস শাস্ত্রের ছয়জন ইমাম তথা ছিহাহ ছিত্তার ছয়জন সংকলকের আবির্ভাবও একই শতাব্দীর মধ্যে। এ থেকে বোঝা যায় যে,একটা সময় উম্মতের প্রয়োজন ছিলো,ফিকহী মাসআলা মাসায়েলের উপর গবেষনা তো আরেকটি যুগের প্রয়োজন ছিলো আল্লাহর রাসুলে হাদীসসমুহকে যাচাই বাছাই করে সংকলন ও সংরক্ষনের।

এ বিষয়ের উপর আমার এত কথা বলার কারন হলো ,আমরা অনেক সময় আল্লাহর দ্বীন ইসলামের বিজয়ের জন্য কাজ করতে চাই কিন্তু ইসলামের বিজয়ের জন্য আল্লাহ তাআলা কোন কাজটা করতে বলেছেন,কিভাবে করতে বলেছেন,তা সঠিকভাবে জানা না থাকার কারনে আমরা আমাদের অর্থ ,সময়,মেধা,শ্রম,এমন কাজে ব্যয় করি,যা বাস্তব অর্থে দ্বীনের কোন কাজেই আসে না। তাই আমরা যদি সত্যিই একমাত্র আল্লাহর সন্তুষ্টির জন্য ইখলাসের সাথে আল্লাহর দ্বীনকে বিজয়ী করার জন্য কাজ করতে চাই,তাহলে আমাদেরকে আগে জানতে হবে,বর্তমান সময়ের জন্য কোন কাজটি সবচেয়ে বেশি জরুরী এবং আল্লাহর দ্বীনকে বিজয়ী করার জন্য আল্লাহ তাআলা আমাদেরকে কোন কাজ করতে বলেছেন এবং বর্তমান পরিস্থিতির প্রেক্ষাপটে আল্লাহর নির্দেশিত সেই কাজ কিভাবে সর্বোত্তম পন্থায় আঞ্জাম দেয়া যাবে।

আমরা দেখতে পাই যে,আমাদের কতিপয় দ্বীনি ভাই শুধু দাওয়াতী কাজের উপর গুরুত্বারোপ করেন। আবার অন্য কিছু ভাইয়েরা রয়েছেন,যারা শুধু ইলম অর্জনের পথে লেগে াকতে বলেন। আমরা স্বীকার করি যে,দাওয়াতের কাজ করা এবং ইলম অর্জন অবশ্যই গুরুত্বপূর্ণ কাজ এবং শুধু এ দুটো কাজ নয়,বরং ইসলাম আমাদের যত কাজের আদেশ দিয়েছেন স্ব স্ব সানে তার প্রত্যেকটিরই গুরুত্ব অপরিসীম। কিন্তু আমরা যদি আমাদেরকে জিজ্ঞেস করি যে বর্তমানে সময়ে আমাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ কোনটি? তাহলে আমরা দেখতে পাবো যে আমাদের বর্তমান সময়টির সবচেয়ে বেশি মিল রয়েছে সাহাবায়ে কিরামদের সাথে। কারন বিগত চৌদ্দশ বছরে আমরা জাহেলিয়াতের সর্বনিম্ন স্তরে পৌছে গেছি। বর্তমান মুসলিম উম্মাহর অধ:পতন এতো প্রান্তসীমায় এসে পৌছেছে যা বিগত চৌদ্দশত বছরের ইতিহাসে আর হয়নি।

আমরা যদিও আমাদের বতমান পরিস্থিতির ব্যাপারে শুধু অভিযোগ করি আর আমাদের অবস্থা যদিও আক্ষরিক অর্থে হুবহু সাহাবা”য় কেরামের মতো নয় ,তথাপি ও সার্বিক বিচারে আমরা দেখতে পাই যে,এই পরিস্থিতির সবচেয়ে বেশি মিল রয়েছে সাহাবায়ে কিরামদের সময়ের সাথে। এই বক্তব্যের সমর্থনে যে বিষয়গুলো তুলে ধরা যেতে পারে তা হলো:

ক. (মাক্কী জীবনে) সাহাবায়ে কেরামগণ যখন ইসলামের পথে এসেছেন তখন সমাজে মুসলমানদের কোন কর্তৃত্ব,নেতৃত্ব প্রতিষ্ঠিত ছিল না। ইসলামি হুকুমতও ছিল না। আর বর্তমানের অবস্থাও অনুরূপ। অথচ মুসলমানদের এমন কর্তৃত্ব,নের্তৃত্ব ও ইসলামিক রাষ্ট্রবিহীন এমন দূরাবস্থা (১৯২৪ সনের পূর্বে) ১৪ শত বছরের ইতিহাসে আর কখনো হয়নি।

খ. সাহাবায়ে কিরামদের যেমন তাদের সময়ে তাদেরকে বেষ্টন করে রাখা গোটা আরব উপদ্বীপ,ততকালীন দুই শক্তিশালী পরাশক্তি রোমান ও পারস্য সম্রাজ্যসহ বহুবিধ শক্তির মোকাবেলা করতে হয়েছে। বর্তমান সময়েও একই অবস্থার সৃষ্টি হয়েছে। ঘরের শত্রু,বাইরের শত্রু সবাই মিলে আজ ইসলামের বিজয়কে রোধ করার জন্য ঐক্যবদ্ধ হয়ে কোমর বেঁধে লেগেছে। এমন নাজুক পরিস্তিতি (১৯২৪ সনের পূর্ব পর্যন্ত) আমাদের অতীত ইতিহাসে আর কখনো আসেনি। ভালো হোক মন্দ হোক মুসলমানদের কোন না কোন নের্তৃত্ব,কর্তৃত্ব প্রতিষ্ঠিত ছিল। সত্যেকে সাহায্য করার মত একদল লোক সব সময়ই সমাজে পাওয়া যেত। অন্তত:পক্ষে খারাপ পরিস্থিতি থেকে নিজের দ্বীন ঈমানকে হেফাজত করার জন্য হিজরত করে যাওয়ার মতো কোন না কোন স্থান পাওয়া যেত। বর্তমান সময়ে গোটা বিশ্ব ইসলামের বিরুদ্ধে যুদ্ধ ঘোষনা করেছে আর এই পরিস্থিতির মিল একমাত্র সাহাবায়ে কিরামদের পরিস্থিতির সাথেই পাওয়া যায়। আর এজন্য খুব স্বাভাবিক যে,এই কঠিন পরিস্থিতিতে যারা কাজ করবে তাদের পতিদানও বহুগুন বেশি হবে। তাদেরকে নিশ্চয়ই মহান আল্লাহ সুবনাহু তাআলা অনেক বেশি পরিমান আজর বা বিনিময় দান করবেন এবং তাদের মর্যাদা অনেক উচু স্তরে তুলে দিবেন।আমরা একথা বলছি না যে এদের বিনিময় সাহাবায়ে কিরামের সমান হবে,তবে এটা বলছি যে এদের বিনিময় অনেক উচু দরজার হবে।

এতে কোন সন্দেহ নেই যে,আমাদের আকীদা হলো,মর্যাদার দিক থেকে এই উম্মতের মধ্যে সবচেয়ে প্রথম হলেন সাহাবায়ে কিরামগণ,তারপর তাবেঈন,তারপর তাবে তাবেঈন। কিন্তু আমরা রাসূল সা. এর সেই হাদীসটিকেও মনে রাখতে চাই,যে হাদীসে তিনি বলেছেন,

অর্থ: তোমাদের পর এমন একটি যুগ আসবে যখন ধৈর্য ধরে দ্বীনের উপর কেবল টিকে থাকাটাই হতে আগুনের অঙ্গার নিয়ে থাকার মতো কঠিন হবে। সে সময়ে যারা (আল্লাহর দ্বীনকে বিজয়ী করার জন্য) কাজ করবে তাদেরকে পঞ্চাশ জনের সমপরিমান বিনিময় দান করা হবে।জিজ্ঞাসা করা হলো,ইয়া রাসুলুল্লাহ সমসাময়িক পঞ্চাশ জনের সমপরিমান বিনিময় নাকি আমাদের পঞ্চাশ জনের সমপরিমান বিনিময়? রাসূলুল্লাহ সা. বললেন,তোমাদের পঞ্চাশ জনের সমপরিমান। (তিরমিযী: হাদীস নং ৩১৫৫)

অতএব তাদের সালাত হবে পঞ্চাশ জন সাহাবীর সালাতের সমান। তাদের সিয়াম হবে পঞ্চাশ জন সাহাবীর সিয়ামের সমপরিমান। কেনো এতো বেশি বিনিময় দেয়া হবে? কারন সে সময়টি হবে ভীষন সঙ্কটময়। এ সময়টি হবে অত্যন্ত জটিল এবং কঠিন্। এই কঠিন পরিস্থিতে সঠিক ঈমান ও সঠিক আমলের উপর থাকার কারনেই তাদের বিনিময় এতো বেশি দেয়া হবে।
আমরা দেখতে পাই,রাসুল সা. তার উম্মতের শেষ জামানায় এমন কিছু সৌভাগ্যবান মানুষের কথা আমাদেরকে জানিয়েছেন যারা হবে তার উম্মতের মধ্যে সর্বাধিক মর্যাদাপ্রাপ্ত ব্যক্তিদের অন্তর্ভূক্ত। যেমন রাসুল সা. বলেন
অর্থ: হযরত ইবনে আব্বাস রা. থেকে বর্ণিত তিনি বলেন,রাসুল সা. বলেছেন,(দক্ষিণ ইয়েমেনের) আদনে আবইয়ান অঞ্চল থেকে বারো হাজারের একটি বাহিনীর আবির্ভাব হবে,তারা আল্লাহ ও তার রাসুল সা. কে সাহায্য করবে এবং আমার ও তাদের সময়ের মধ্যে তারাই হলো সর্বশ্রেষ্ঠ। (মুসনাদে আহমাদ,মুজামুল কাবীর,তারীখুল কাবীর)

লক্ষ্য করুন,আল্লাহর রাসূল সা. কি বলেছেন! তিনি বলেছেন যে তারা আল্লাহর রাসূল ও তাদের সময়ের মধ্যে সর্বশ্রেষ্ঠ হবে। সুতরাং আমরা ধরে নিতে পারি যে,তারা আল্লাহর রাসূলের পর থেকে যতো যুগ ,যতো শতাব্দী পরে হবে,তার মধ্যে তারাই হবে শ্রেষ্ঠ। বিগত শতকসমূহের মাঝে তারাই উম্মতের মধ্যে সর্বশ্রেষ্ঠ। তাদের এই শ্রেষ্ঠত্বের কারন কি? কারন হলো তাদের সময়টি সাহাবায়ে কিরামদের সময়ের মতো

জটিল ও কঠিন হবে।তাদেরকেও সেই একই ধরনের পরিস্থিতি মোকাবেলা করতে হবে,যা সাহাবায়ে কিরামদের করতে হয়েছিল।
সুতরাং আল্লাহর সন্তুষ্টি অর্জনের এই স্বর্ণালী সময় হাতে পেয়েও কেনো এতো অকারণ অভিযোগ?

জাতীয় ও আর্ন্তজাতিক পর্যায়ে অনেক সময় অর্থনীতির এমন (বুম) স্ফিতি তৈরী হয়। যারা সে সময় একটু বুদ্ধি করে তাদের ব্যবসা বাণিজ্য সঠিকভাবে পরিচালনা করতে পারে,যারা একটু রিস্ক নেয়ার সাহস দেখাতে পারে,তারা হটাত করে আঙুল ফুলে কলাগাছ হওয়ার মতো বিরাট বিত্তশালী ধনী হয়ে যায়।আবার যখন অর্থনীতিতে স্থবিরতা নেমে আসে,বাজারে মন্দা সৃষ্টি হয় তখন অনেক আফসোস করতে থাকে যে আহ!
ঐ সময়ে আমি একটু বুঝতে পারতাম,যদি একটু রিস্ক নিতাম,যদি সঠিক সিদ্ধান্তটা নিতে পারতাম,তাহলে আমিও তাদের মতো মিলিয়নার ,বিলিয়নার হয়ে যেতাম। তখন মানুষ পরিতাপের সাথে ভাবে ও আশা করে,সুদিন ফিরে পেলে তারাও পূর্বসূরীগনের ন্যায় স্বচ্ছল হতে পারত।

হাসানাত ও আজর অর্জনের পরিমান বৃদ্ধির সম্পর্ক পরিস্থিতির সাথে। পরিস্থিতি যতো জটিল কঠিন হবে আজর ততো বেশি হবে। অতএব কেন এই সময় ও পরিস্থিতির ব্যাপারে অকারনে অভিযোগ? এটা তো আল্লাহর সন্তুষ্টি অর্জনের সবচেয়ে উত্তম সময়।
আমরা যেখানে এমন একটি সময়ের কথা বলছি,যখন বিজয় একান্ত নিকটবর্তী। আল্লাহর রাসূল সা. এর করে যাওয়া ভবিষ্যত বাণী বাস্তবে প্রত্যক্ষ করছি-যারা ইমাম মাহদীকে বিজয়ী করবেন,যারা ঈসা আ. কে বিজয়ী করবেন। আমরা মনে করি যে,আমরা বহুল প্রতিক্ষিত ,বহুল আঙ্কক্ষিত সেই সিদ্ধান্তকর সময় অতিক্রম করছি,আর তারপরও যদি আমরা বাস্তব ময়দানে কাজে অংশগ্রহন না করি,যদি আমরা নিরব দর্শকের ভূমিকা পালন করি,তাহলে আমাদের পরিনতি হবে অত্যন্ত ভয়াবহ। অতএব জান্নাত ক্রয়ের এই স্বর্ণালী মুহূর্তে কিছুতেই আমাদের হাত পা গুটিয়ে বসে থাকা উচিত নয় যখন অন্যরা জান্নাতের অনেক উচু মাকামগুলোতে

নিজেদের জন্য বুকিং দিয়ে ফেলছে। আমাদের উচিত নয় শুধু অভিযোগ করে নিরব দর্শকেরর ভূমিকা পালন করা।

হযরত সাওবান রা. থেকে বর্ণিত,রাসূল সা. বলেন,
অর্থ: আল্লাহ আমার সামনে সমগ্র পৃথিবী তুলে ধরলেন,আমি এর পূর্ব হতে পশ্চিমপ্রান্ত পর্যন্ত অবলোকন করেছি। (তোমরা শুনে রাখো) নিশ্চিতভাবে আমার উম্মতের কর্তৃত্ব ততো দূর পর্যন্ত বিস্তৃত হবে,যতো দূর পর্যন্ত আমার সামনে তুলে ধরা হয়েছে।(সহীহ মুসলিম,হাদীস নং ২৮৮৯। মুসনাদে আহমাদ ,হাদীস নং ২২২৯৪)

অতএব আমাদের বর্তমান অবস্থা যতো দূর্বলই হোক না কেন,সেদিন ইনশাআল্লাহ বেশি দূরে নয়,যেদিন এই ইসলামী জীবন ব্যবস্থা প্রতিটি নগর,মহানগর,দেশ মহাদেশের উপর এর প্রভাব বিস্তার করবে। লা ইলাহা ইল্লাল্লাহর পতাকা প্রতিটি নগর মহা নগরীতে স্বমহিমায় পতপত করে উড়বে। পৃথিবীর এমন প্রতি ইঞ্চি জায়গার উপর আল্লাহর এই দ্বীন বিজয় লাভ করবে,যেখানে দিন রাতের আলো আধারে পৌছে।

এমন স্থান কি পৃথিবীর কোথাও আছে,যেখানে দিনের আলো পৌছায় না? সুতরাং হে কাফির,মুনাফিকগণ!
তোমরা যদি এই দ্বীনের আলো থেকে নিজেদের লুকাতে চাও,তাহলে তোমাদেরকে এই পৃথিবীর বুক ছেড়ে অন্য কোথাও চলে যেতে হবে। সেই দিন আর বেশি দূরে নয়,যেদিন এই দুনিয়াতে তোমাদের জন্য এক ইঞ্চি জায়গাও থাকবে না,যেখানে গিয়ে তোমরা আত্মগোপন করবে।

বিজয় অতি নিকটে

আমরা দাবি করছি যে মুসলিম উম্মাহর বিজয় অতি সন্নিকটে। আসুন আমরা এখন আমাদের দাবীটি নিয়ে একটু পর্যালোচনা করি। আমরা আমাদের এই দাবীকে

প্রতিষ্ঠিত করার জন্য ইতিপূর্বে উল্লেখিত মূলনীতিকে ব্যবহার করবো। আর সেই মূলনীতিটি ছিলো,
অর্থ: যখন আল্লাহ কোন কিছু চান,তখন তিনিই তার জন্য প্রয়োজনীয় উপায় উপকরন প্রস্তুত করে দেন।

প্রথমে আসুন আমরা এই মূলনীতিটি সঠিক কি না, তা ভালো করে বুঝে নেই। এই মূলনীতিটি যে একটি অকাট্য সত্য মূলনীতি তা বোঝার জন্য আমরা কিছু ঐতিহাসিক ঘটনার দিকে তাকবো। নিম্নে আমরা ইতিহাস প্রসিদ্ধ কতগুলো ঘটনা উদাহরন হিসাবে উল্লেখ করছি,আর এর মাধ্যমে ইনশাআল্লাহ আমাদের এই মূলনীতিটার বাস্তবতা নিশ্চিতভাবে প্রমানিত হবে।

প্রথম উদাহরন:
সহীহ বুখারীতে হযরত আয়েশা রা. হতে বর্নিত একটি হাদীসে আছে যাতে বলা হয়েছে যে,রাসূল সা. মক্কায় দীর্ঘ তের বছর দাওয়াত দেন। সেখানে আশানুরুপ ফল না পেয়ে তিনি তায়েফে গমন করেনত,কিন্তু সেখানেও তিনি বৈরী পরিস্থিতির শিকার হন।

তিনি প্রত্যেক বছর হজ্জের মৌসুমে বিভিন্ন গোত্রের কাছে দাওয়াত দিতেন,বিভিন্ন গোত্রের সামনে নিজেকে (নিজের নবুওয়াতকে) উপস্থাপন করতেন। এবং প্রত্যেক গোত্রের কাছে একটা বিশেষ সাহায্য চাইতেন। তিনি বলতেন,তোমরা আমাকে নুসরাহ দাও,যাতে আমি আমার রবের বাণী সবার কাছে পৌছে দিতে পারি। কিন্তু তারা তাকে প্রত্যাখান করতো। কেউই তার কথায় পুরোপুরি সম্মত হতে পারেনি।

আল্লাহ তাআলা চাচ্ছিলেন,এই মহান কাজের সুবর্ণ সুযোগ অন্য কাউকে দিয়ে তাদেরকে ধন্য করতে। আর তারা হলো মদীনার আওস ও খাজরাজ গোত্র। তাদেরকে আল্লাহ তাআলা কিভাবে করেছিলেন?

আওস এবং খাযরাজ গোত্রদ্বয় দীর্ঘদিন যাবত একে অন্যের বিরুদ্ধে এক চরম রক্তক্ষয়ী অন্তহীন দ্বন্দ্বযুদ্ধে লিপ্ত ছিল। তারা প্রতিদিন জেগে উঠে যুদ্ধ করত। এ রকমই ছিল তাদের জীবন। যুদ্ধ করতে করতে তারা ক্লান্ত ,শ্রান্ত ও অবসন্ন হয়ে পড়েছিলো। হ্যাঁ,এটাই স্বাভাবিক যে যতো বড় যোদ্ধা ও বীর পুরুষই হোক না কেন,যদি সহ্যসীমার বাইরে চলে যায়,তবে তখন আর যুদ্ধ চালিয়ে যাওয়া যায় না। এভাবেই এই যুদ্ধ এমন একটি পর্যায়ে এসে পৌছেছিলো,যা তাদের পক্ষে আর চালিয়ে যাওয়া সম্ভব ছিল না। শেষ মেষ তারা রণে ভঙ্গ দিল। এই অবস্থায় তাদের সামনে এলো ইয়াওমুল বুয়াস।

হযরত আয়শা রা. এ প্রসঙ্গে বলেন,এই বুয়াসের দিনটি ছিল এমন একটি সময় যা আল্লাহ তাআলা তার রাসূল সা. এর জন্য একটি বিশেষ উপহার হিসাবে প্রদান করেছিলেন।
অথচ বুয়াসের সাথে আল্লাহর রাসুল সা. এর প্রত্যক্ষ কোনো সম্পর্ক ছিল না। এটা ছিল একান্তই মদীনার লোকদের আভ্যন্তরীন ব্যাপার। আর সে সময়ে মদীনার সাথে তার কোনো সম্পর্ক ছিল না। এই বুয়াস যুদ্ধে আওস ও খাজরাজ এক অপরের উপর নির্মমভাবে হত্যাযজ্ঞ চালায় এবং শুধু সাধারন মানুষই নয় বরং তাদের উভয় পক্ষের নেতৃস্থানীয় লোকদের প্রায় সবাই নিহত হন। যার কারনে আওস ও খাযরাজ উভয় গোত্রই নেতৃত্ব শূণ্য হয়ে পড়ে। দ্বিতীয় সারির যেসব নেতারা বেঁচে ছিলেন তারাও কোনো না কোনভাবে আহত ছিলেন।

আপনি যদি একটু মনোযোগ সহকারে কুরআনে বর্নিত নবীদের ইতিহাস পড়ে াকেন তাহলে দেখতে পাবেন যে যুগে যুগে আল্লাহর নবীদের বিরোধিতায় যারা অগ্রনী ভূমিকা পালন করেছে তারা সকলেই প্রায় একটি বিশেষ শ্রেণীর হযে াকে। কুরআনে তাদেরকে মালা নামে অভিহিত করা হয়েছে। আর মালা বলা হয় সমাজের নেতৃস্থানীয়,প্রভাবশালী লোকদেরকে। হতে পারে সে নেতৃত্ব রাজনৈতিক ,হতে পারে অর্থনৈতিক কিংবা সামাজিক।এই নেতৃস্থানীয় লোকেরাই যুগে যুগে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠার পথে কাঁটা হয়ে দাঁড়িয়েছিলো। আল্লাহর নবীদের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিলো।

এর কারন হলো তারা জানে যে ইসলামী সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠিত হলে এদের ক্বায়েমী স্বার্থই সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্থ হবে। তারা জানে যে,তারা যে শোষনের সমাজ কায়েম করে রেখেছে,ইসলাম প্রতিষ্ঠিত হলে তা ভেঙে চুরমার করে দিয়ে সেখানে কায়েম করবে ন্যায় ও ইনসাফ ভিত্তিক সমাজ। তারা জানে যে নবীদের আগমনই হলো নেতৃত্ব কর্তৃত্ব তাদের হাত থোকে ছিনিয়ে নিয়ে আল্লাহ তআলার হাতে অর্পন করার জন্য। যার কারনে তারা সমাজে তাদের যে একটি বিশেষ মর্যাদা বা স্ট্যটাস কায়েম করে রেখেছে তা আর াকবে না। ইসলামের সমাজে সকল মানুষ এক আল্লাহর বান্দা বা গোলাম হিসাবে সমান মর্যাদা লাভ করবে এবং সমাজে খিলাফাহ কায়েম করা হবে শুধু আল্লাহর বিধান বাস্তবায়নের জন্য।কোন ব্যাক্তি বা গোষ্ঠীর মনগড়া বিধানের কোন স্থান এই সমাজে থাকবে না বরং মানবরচিত আইনের নোংড়া জঞ্জালকে সেই সমাজ থেকে ঝেটিয়ে বিদায় করা হবে।

এ কারনেই আমরা দেখতে পাই,আবু বকর রা. উমর রা. তাদের কাউকেই তাদের ব্যক্তি বা গোষ্ঠীর স্বার্থের জন্য নিয়োগ দেয়া হয়নি। বরং তাদেরকে নিয়োগ দেওয়া হয়েছিলো কেবল আল্লাহর বিধান বাস্তবায়নের জন্য। একটি পরিপূর্ন ইসলামী সমাজে কেউ কখনো নেতৃত্ব কর্তৃত্বের লোভী হয় না। কারন তারা সবাই জানে যে নেতৃত্ব কর্তৃত্ব এমন এক বোঝা যা বহন না করাই ভালো। যার দায়িত্ব যতো বেশি থাকবে ,তাকে কিয়ামতের দিন আল্লাহর বিচারের দরবারে ততো বেশি প্রশ্নের সম্মুখীন হতে হবে। যার কারনে একজন সঠিক ঈমানদার কখনো আগ বাড়িয়ে দায়িত্বের বোঝা নিজের কাধে তুলতে চায় না॥ তাই তো আমরা দেখাতে পাই যে খোলাফায়ে রাশেদীনের প্রত্যেককে খিলাফতের দায়িত্ব জোর করে দেয়া হয়েছিলো। তারা কেউই এই দায়িত্ব নেয়ার জন্য লালায়িত ছিলেন না। আবূ বকর রা. চাচ্ছিলেন উমর রা. কে বাইয়াত দিতে। কিন্তু উমর রা. জোর করে আবূ বকর রা. কে বাইয়াত নিতে বাধ্য করেন।

আবূ বকর রা. ইন্তেকালের সময় জোর করে উমর রা. এর উপর খিলাফতের দায়িত্ব হস্তান্তর করে যান। উমরা রা. যখন মুমূর্ষ অবস্থায় তখন লোকেরা তার পুত্র আব্দুল্লাহ ইবনে উমর রা. কে খিলাফতের দায়িত্ব দিতে অনুরোধ করলে তিনি বলেন,আমি চাই

না কিয়ামতের দিন আমার পরিবার থেকে দুইজন এতো বড় বোঝা কাঁধে নিয়ে আল্লাহর দরবারে হাজির হোক।

তাহলে আমরা দেখতে পেলাম যে,যুগে যুগে ফিরআউন,ক্বারুণ,আবূ জাহেল ও আবূ লাহাবের মতো নেতৃস্থানীয় লোকেরাই ইসলামের বিরুদ্ধে রুখে দাড়িয়েছিলো। এরাই হলো সেই সমস্ত লোক যারা নেতৃত্বের অপব্যবহার করে অর্থবিত্ত,পদমর্যাদা,খ্যাতি ইত্যাদির অধিকারী হয়ে দম্ভ দেখিয়ে বেড়ায়। এরাই তাদের সামাজিক অবস্থান ধরে রাখার জন্য ইসলামের বিরোধিতায় লিপ্ত হয়। সামাজিক মর্যাদা ও অবস্থান হারানোর ভয় তাদেরকে সারাক্ষন তাড়িয়ে বেড়ায়।

তবে হ্যাঁ,লোকেরা যদিও তাদেরকে অনেক ক্ষমতাশালীক ও মুক্ত স্বাধীন মনে করে,কিন্তু বাস্তব অর্থে তারা কিন্তু মোটেও মুক্ত স্বাধীন নয়। তারা মানুষের গোলাম। তারা লোভের গোলাম। তারা খ্যাতির গোলাম। তারা বিত্তের গোলাম। সর্বোপরি তারা কু-প্রবৃত্তির গোলাম্। কারন মানবরচিত মুল্যবোধ ও বিধি ব্যবস্থার মধ্যে বসবাস করে কোনো মানুষ কখনো সত্যিকার অর্থে স্বাধীন হতে পারে না,সে অসংখ্য প্রভুর গোলামীর জিঞ্জিরে বন্দি হয়ে থাকে।

একারহেন আমরা দেখতে পাই রাবিয়া ইবনে আমির রা. পারস্য সম্রাজ্য আক্রমনের জন্য গিয়েছিলেন তখন পারস্য সম্রাট তাকে জিজ্ঞাসা করলেন,তোমরা কেন আমাদের দেশ আক্রমন করতে এসেছো? তোমরা যদি অর্থে বৃত্তের জন্য আক্রমন করে াকো,তাহলে বলো,আমরা তোমাদের প্রত্যেককে পর্যাপ্ত পরিমান অর্থ দিবো,তারপরও তোমরা চলে যাও। রাবিয়া ইবনে আমীর রা. বলেন,আমরা এখানে অর্থ বিত্তের জন্য আসিনি। আমরা এসেছি মানুষকে মানুষের গোলামি থেকে মুক্ত করে আল্লাহর গোলামীর বন্ধনে আবদ্ধ করতে।ধর্মের নামে প্রচলিত অন্যায় অবিচারের হাত থেকে মুক্ত করে ইসলামের ন্যায় ইনসাফ কায়েম করতে। দুনিয়ার সংকীর্ন মানসিকতা থেকে মুক্ত করে মানুষকে আখিরাতের দিগন্ত বিস্তৃত বিশালতার জগতে পর্দাপন করাতে। ধর্মের নামে যে জুলুমের বেড়াজাল তৈরী হয়েছে তা ছিন্ন করে ইসলামের ন্যায় বিচার

প্রতিষ্ঠার জন্য আমাদের প্রেরণ করা হয়েছে।আমরা মানুষকে এই দুনিয়ার সংকীর্নতা থেকে বের করে এই পৃথিবী ও আখিরাতের বিশালতায় নিয়ে যেতে চাই।

খেয়াল করুন,রাবিয়া ইবনে আমীর রা. ধর্মতত্ত্বের ছাত্র ছিলেন না, তা সত্ত্বেও অন্যান্য সকল ধর্মের জুলুম তথা অবিচারের কথা বললেন।অন্য সকল ধর্ম সম্পর্কে তার জ্ঞান তাঁর জ্ঞান বিজ্ঞানের প্রয়োজন ছিল না,কারণ ওহীর জ্ঞান দ্বারা তিনি ওয়াকিফহাল ছিলেন যে,কেবল ইসলামই ন্যায় বিচার ও ইনসাফ প্রতিষ্ঠা করতে পারে,বাকি সব ধর্মই জুলুমের খোলস পরে আছে। ইসলামই মানবজাতিকে ন্যায় ও ইনসাফ ভিত্তিক সমাজ উপহার দিতে পারে।

বুয়াস যুদ্ধ মূলত: মদীনার জনগনকে আল্লাহর রাসুল সা. এর সাহাবী হওয়ার জন্য প্রয়োজনীয় যোগ্যতা অর্জনে সাহায্য করেছে। নেতৃস্থানীয় লোকদের নিহত হওয়ার মধ্যে দিয়ে ইসলামের ভবিষ্যত ভূখন্ড হিসেবে বুয়াস যুদ্ধ মদীনাকে প্রস্তুত করেছে। তাই তো আমরা দেখতে পাই যে,ইসলাম গ্রহনের পূর্বে আনসাররা হজ করতে মক্কায় এসে মুহাম্মাদ সা. এর নবুওয়াতের সংবাদ শুনে তারা বলেছিলো,চলো আমরা এই ব্যক্তিকে আমাদের দেশে নিয়ে যাই। হয়তো আল্লাহ তাআলা তার মাধ্যমে আমাদেরকে আবার ঐক্যবদ্ধ করে দিবেন।
তাঁরা তাঁদের নেতৃস্থানীয় লোকদেরকে হরিয়ে সত্যিই বড় অসহায় হয়ে পড়েছিলো। তাঁরা তাঁদের মধ্যে নেতৃত্বের অভাব বোধ করছিলো। আসলেই মানব জাতির জন্য নেতৃত্ব খুবই গুরুত্বপূর্ণ একটি বিষয়। নেতৃত্ব ছাড়া মানবতা টিকে থাকতে পারে না। ভাল মন্দ উভয় ক্ষেত্রেই নেতৃত্ব প্রয়োজন। কল্যানকর কাজের দিকে এগিয়ে নেয়ার জন্য হোক বা মন্দ কাজের দিকে এগিয়ে নেওয়া হোক,নেতৃত্বের কোন বিকল্প নেই। নেতৃত্ব থাকতেই হবে। শয়তানের দলেরও নেতা থাকে। আর আল্লাহর দলেরও নেতা থাকে। এটা মানুষের স্বভাবধর্ম।
পথ প্রদর্শনের জন্য সে সব সময়ই নেতৃত্বের মুখাপেক্ষী।
মদীনার লোকদেরকে আল্লাহ তাআলা বিভিন্নভাবে প্রস্তুত করেছিলেন। এর অন্যতম আরেকটি দিক হলো মদীনার লোকদের কাছেই ইহুদিরা বসবাস করতো। আর তাদের কাছ থেকে তারা একজন নবীর আগমনের কথা দীর্ঘ দিন থেকে শুনে

আসছিলো,যার কারনে তাদের কাছে নবী আগমনের বিষয়টি এতোটাই স্বাভাবিক বিষয় হিসেবে প্রতিভাত হয়,যা আরব উপদ্বীপের অন্যদের সামনে ছিলো না। অন্যদের কাছে নবী আগমনের বিষয়টি এতটাই আলোচিত বিষয়ও ছিলো না। মদীনার আনসারদেরকে ইহুদিরা বিভিন্ন সময় এই বলে হুমকি দিতো যে,শ্রীঘ্রই আমাদের মাঝে একজন নবী আসবে এবং এরপর আমরা তার নেতৃত্বে ঐক্যবদ্ধ হয়ে তোমাদেরকে এমনভাবে হত্যা করবো,যেভাবে আদ জাতিকে হত্যা করা হয়েছিলো।

অথচ আমরা দেখতে পাই যে, নবী ঠিকই এসেছেন কিন্তু স্বভাবের গোয়ার্তুমী আর মনের বক্রতার কারনে সেই ইহুদীরাই হিদায়াত পেলো না,যারা সেই নবী আগমনের খবর অন্যদেরকে শুনাতো।
আল্লাহ সুবনাহু তাআলা চাইলেন মদীনার আনসাররা ইসলাম গ্রহন করুক এবং তাঁর নবীর সাহায্যকারী হোক। আনসাররা বুয়াস যুদ্ধে প্রাণপণ লড়াই করছিলেন ঠিকই কিন্তু তারা কি ঘূণাক্ষরেও জানতেন যে এই যুদ্ধ কিভাবে তাদেরকে ইসলামের নিকটবর্তী করতে যাচ্ছে।বুয়াসের যুদ্ধ ছিল সম্পূর্ণভাবেই একটি জাহিলিয়াতের যুদ্ধ,কিন্তু তা তাদের আল্লাহ তাআলার দিকে ধাবিত করছিল। সবার অজান্তে এ যুদ্ধ তাঁদেরকে আল্লাহর নিকটতম প্রিয় বান্দা হওয়ার দিকে এগিয়ে নিয়ে গেছে। এভাবেই আল্লাহ তাআলা যুগে যুগে পরিস্থিতির পরিবর্তনের জন্য বিভিন্ন রকম অবস্থা তৈরী করেন,যার অর্ন্তনিহিত রহস্য হয়তো মানুষ উপলব্ধি করতে পারে না।

দ্বিতীয় উদাহরণ:
এটি দ্বিতীয় খলিফা হযরত উমর ইবনুল খাত্তাব রা. এর সময়ের ঘটনা। তিনি পারস্যে সম্রাজ্যে বিরুদ্ধে যুদ্ধ করার জন্য একটি সেনাবাহিনী প্রেরণ করেন। তিনি এই মুসলিম বাহিনীর সেনাপতি নিযুক্ত করেন আবু উবায়দা আর সাকাফী রা. কে। সেনাপতি আবু উবায়দা আল সাকাসী রা. ছিলেন অত্যন্ত অকুতোভয় ও অসীম সাহসী বীর যোদ্ধা। তবে ঘটনাক্রমে তিনি এই যুদ্ধে এমন কয়েকটি ঝুকি নিয়ে ফেলেন যা না নিলেও চলতো। আর এই মাত্রাতিরিক্ত ঝুকির কারনে জিসর বা সেতু যুদ্ধে মুসলমানদের ভাগ্যে এক পর্যায়ে পরাজয়ের গ্লানি নেমে আসে। সেদিন মুসলিম বাহিনীর প্রায় অর্ধেক সংখ্যক সৈন্য শহীদ হয়ে যায়।

পারস্যে বাহিনী তখন ভাবছিলো যে,বাকি মুসলিম বাহিনীকে নির্মূল করে দেয়ার এটাই সুবর্ণ সুযোগ।আর যুদ্ধের ফলাফল নিশ্চিতভাবে তাদের অনুকূলেই াকবে। তারা ভাবছিলো,মুসলমানরা যেসব এলাকা ইতিপূর্বে দখল করে নিয়েছিলো এবার তাঁদেরকে সে সব এলাকা থেকেও উতখাত করে দিতে তারা সক্ষম হবে।
বিখ্যাত ইতিহাস গ্রন্থ আত তারীখুল ইসলামীর লেখক জনাব মাহমুদ শাকির বর্ণনার এ পর্যায়ে এসে লিখেছেন,কিন্তু ঈমানদারদের সাথে রয়েছেন স্বয়ং মহান আল্লাহ সুবনাহু তাআলা। ঈমানদাররা যদি বিজয়ের শর্তগুলো সঠিকভাবে পূরন করতে সক্ষম হয়,তাহলে আল্লাহ তাআলাই তাদেরকে বিজয় দান করবেন,তা যেভাবেই হোক না কেন। তাতে তাঁদের সৈন্যসংখ্যা বিশাল হোক না কেন। তাঁদের কাছে পারমানবিক বোমা থাকুক বা না থাকুক। এ সকল উপায় উপকরণ এমন কোনো বিষয় নয়,যা পরিসিস্থতিকে নিয়ন্ত্রন করে। ঈমানদাররা যদি ঈমানের দাবি মোতাবেক তাঁদের দায়িত্ব কর্তব্য সঠিকভাবে পালন করে,তাহলে স্বয়ং আল্লাহ তাআলা তাদেরকে বিজয় দান করবেন। এ প্রসঙ্গে মহান আল্লাহ বলেন,
অর্থ: নিশ্চয়ই আল্লাহ মুমিনদেরকে রক্ষা করবেন। আল্লাহ তাআলা বিশ্বাসঘাতক ও অকৃতজ্ঞদেরকে মোটেই ভালবাসেন না। (সূরা হজ: আয়াত ৩৮৮)

আল্লাহ তাআলা এ কথা বলেননি যে,তিনি তাদেরকে রক্ষা করবেন,যাদের অনেক অস্ত্রসস্ত্র আছে,যারা সংখ্যায় অনেক। বরং তিনি তাাদের রক্ষা করার কথা বলেছেন যাদের ঈমান আছে,আল্লাহর সাহায্য পাওয়ার জন্য এটাই হলো শর্ত যা আমাদেরকে পূরণ করতে হবে। তাই বাহ্যিক অবস্থা দেখে যদিও মনে হচ্ছিল যে মুসলমানরা এ যুদ্ধে হারতে যাচ্ছে,কিন্তু আল্লাহ তআলা এমন এক পরিস্থিতি সৃষ্টি করে দিলেন,যার পরিপ্রেক্ষিতে রাত পোহাতে না পোহাতেই বিজয়ের পাল্লা মুসলমানদের দিকে ঝুঁকে পড়লো।
যখন যুদ্ধের ময়দানে মুসলমানরা একেবারে পরাজয়ের সম্মুখীন হয়ে পড়েছিলো,ঠিক তখনই পারস্য সম্রাজ্যের রাজধানীতে আল্লাহ তাআলা এক বিপর্জয় ঘটিয়ে দিলেন। পারস্য সম্রাজ্যের দুই প্রধান নেতা একে অপরের বিরুদ্ধে সংঘর্ষে জড়িয়ে পড়ে। যার

ফলে সেনাবাহিনী দুই ভাগে বিভক্ত হয়ে অর্ধেক সেনাপতি রুস্তমের পক্ষ নেয় আর বাকি অর্ধেক সম্রাটের পক্ষ নেয়।
এই ঘটনার প্রেক্ষিতে মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধে নিয়োজিত বাহিনীর দায়িত্বে থাকা সেনাপতিকে রাজধানীতে জরুরীভাবে তলব করা হয়। সেনাপতি রাজধানীতে ফিরে যাওয়ার কারনে মুসলমানদের বিরুদ্ধে তাদের যুদ্ধ সাময়িকভাবে বন্ধ রাখতে হবে। আর এই সময়টুকু মুসলমানদের জন্য হয়ে দাঁড়ায় একটি সুবর্ণ সুযোগ। খলীফাতুল মুসলিমীন উমর রা. পর্যাপ্ত সময় পেয়ে যান দ্রুত সৈন্য পাঠিয়ে মুসলিম বাহিনীর শক্তি বৃদ্ধি করার এবং যুদ্ধ চালিয়ে যাওয়ার জন্য প্রয়োজনীয় কৌশল নির্ধারনের।
আলোচ্য ঘটনায় আমরা দেখতে পাই যে,ঠিক সেই মুহূর্তে আল্লাহ তাআলা পারস্য সম্রাজ্যের মধ্যে আভ্যন্তরীন কলহ লাগিয়ে দিয়েছেন,যখন মুসলিমদের জন্য তা দরকার ছিলো। আল্লাহ তাআলা চাচ্ছিলেন সেই এলাকায় ইসলামের পতাকা উড্ডীন হোক। আর এদিকে মুসলিমরাও তাঁদের ঈমানী দায়িত্ব পালনে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রেখেছিল। তাই সেখানে দেখা যাচ্ছিল যে মুসলিমরা পরাজয়ের একেবারে দ্বারপ্রান্তে পৌঁছে গেছে,সেখানে সেই অবস্থা পরিবর্তন করে আল্লাহ তাআলা মুসলিমদেরকে বিজয় দান করলেন।

তৃতীয় উদাহরণ:
এই উদাহরনটি আমরা নিব ক্রুসেড যুদ্ধের ইতিহাস থেকে। জিহাদ ফি সাবিলিল্লাহ ছেড়ে বিলাসিতায় গা ভাসিয়ে দেয়ার কারনে মুসলমান শসকরা যখন ক্রুসেডারদের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে অক্ষম হয়ে পড়েছিলো,তখন পবিত্র ভূমি রক্ষার জন্য সালাহ উদ্দিন আইউবী রহ. মুসলিদেরকে আল্লাহর পথে যুদ্ধের জন্য ঐক্যবদ্ধ করতে শুরু করলেন। পবিত্র ভূমির আশপাশের মুসলিদের সংঘবদ্ধ করে ক্রুসেডারদের বিরুদ্ধে অভিযান চালাতে মনস্থ করলেন। অথচ তার পূবে কোন মুসলিম নেতাই এ ব্যাপারে সাহসী উদ্যোগ নিতে পারেনি।কাপুরুষ শাসকরা কাফিরদের ভয়ে চরমভাবে ভীত সন্ত্রস্ত হয়ে পড়েছিলো।অথচ কাফিররা শামের বেশকিছু গুরুত্বপূর্ণ এলাকা ও জেরুজালেমসহ গোটা সমুদ্র উপকূলীয় অঞ্চলসমূহ দখন করে নিয়েছিলো।

সালাহ উদ্দিন আইউবী রহ. এর এই প্রস্তুতির খবর যখন ক্রুসেডাররা শুনলো তখন তারা বিষয়টিকে খুব গুরুত্বের সাথে বিবেচনা করলো।কারণ তারা জানত যে এই যুদ্ধের নেতৃত্ব কে দিচ্ছে। তারা জানতো যে সালাহ উদ্দীন আইউবী রহ. কোনো সাধারন ব্যক্তির নাম নয়।

এদিকে মুসলমানদের মধ্যে কিছু আলিম উলামা ও নেতৃস্থানীয় লোকেরা আরম্ভ করলো দু:খ জনক বিরোধীতা। তারা সালাহ উদ্দিনকে অতি উতসাহী বলে তাঁর কঠোরর সমালোচনা শুরু করলো। রোম সম্রাজ্যের বিরুদ্ধে যুদ্ধ ঘোষনাকে তারা পাগলামো বলে সালাহ উদ্দিন আইউবী রহ. কে তিরস্কার করতে লাগল। তারা বলতে লাগল যে,রোম এত বড় এক বিশাল সম্রাজ্য,যাকে বলা হয় কূল কিনারাহীন সমুদ্র। তারা রোম সম্রাজ্য ও ইউরোপকে এতো ভয় পেয়ে গিয়েছিলো যে তাদের বিরুদ্ধে যুদ্ধের কথা তারা চিন্তাই করতে পারছিল না।তারা চিন্তা করছিল যে, গোটা ইউরোপ তাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ আর অন্যদিকে মুসলিমরা হলো শতধাবিভক্ত। অতএব এমন একটি বিভক্ত জাতি নিয়ে বিশাল সামরিক শক্তিধর ঐক্যবদ্ধ ইউরোপের বিরুদ্ধে যুদ্ধ করতে যাওয়ার অর্থ হলো মুসলমানদেরকে চরম বিপদের মধ্যে ফেলে দেয়া।

কিন্তু সালাহ উদ্দিন আইউবী রহ. একমাত্র আল্লাহর উপর তাওয়াক্কুল করে এগিয়ে চললেন। তিনি ক্রুসেডারদের সাথে যুদ্ধ ঘোষনা করেন এবং তাদের থেকে মুসলমানদের ভূখন্ড পুনরুদ্ধান করার অভিযান আরম্ভ করেন।উম্মতের সামান্য কিয়দাংশ নিয়েই তিনি যুদ্ধ করছিলেন।
এই অবস্থা দেখে পোপ গোটা ইউরোপকে আর একটি নতুন ক্রুসেডের জন্য সংগঠিত করতে আরম্ভ করে,যেটা চতুর্থ এবং এটা ছিলো সর্ব বৃহত ক্রুসেড। কারন এটি ছিলো সালাহ উদ্দিন আইউবী রহ. এর বিরুদ্ধে।

মুসলিমদের সামরিক নেতৃত্বে এবার সালাহ উদ্দিন রহ. কে দেখে এই যুদ্ধকে খৃষ্টানরা সবচেয়ে বেশি গুরুত্ব দিলো এবং তারা তাদের সর্বশক্তি নিয়োগ করলো। তাদের যুদ্ধ প্রস্তুতি এবং সেনা নায়ক নিয়োগ দেখেই বোঝা যায় যে তারা এই যুদ্ধকে কেমন গুরুত্ব দিয়েছিল।আমরা দেখতে পাই যে এই যুদ্ধে তারা কোন জেনারেলদের উপর

দায়িত্ব না দিয়ে স্বয়ং তাদের শাসক রাজা বাদশারা নিজেরা যুদ্ধের ময়দানে এসে সরাসরি নেতৃত্ব দেয়া শুরু করেছিলো। ইংল্যান্ড,ফ্রান্স ও জার্মানির রাজারা নিজেরা সালাহ উদ্দিন আইউবী রহ. এর বিরুদ্ধে যুদ্ধ পরিচালার জন্য বেড়িয়ে পড়েছে এবং তারা নিজ নিজ সেনাবাহিনীর নেতৃত্ব দিয়েছে। ইংল্যান্ড,জার্মী ও ফ্রান্স যখন একই সাথে মুসলিমদের বিরুদ্ধে সৈন্য প্রেরণ করে তখন তাদের সেনাবাহিনীর আকার এতো বিশাল হয়ে দাঁড়ায় যা ততকালীন সময়ের প্রেক্ষাপটে অস্বাভাবিক ধরনের এক বিশাল সেনাবাহিনী হিসেবে আর্বিভুত হয়।ইতিহাস থেকে জানা যায় শুধু জার্মান কিং ফ্রেডরিক বার্বোরোজ একাই তিন লক্ষ সৈন্যের এক বিশাল বাহিনী নিয়ে যুদ্ধযাত্রা করে। ততকালীন সময়ের প্রেক্ষাপটে তিন লক্ষ সৈন্যের কোনো বাহিনীর কথা শুনলে ভীত সন্ত্রস্ত হয়ে এমনিতেই যে কোনো মানুষ মূর্ছা যাওয়ার কথা। সম্মিলিত ইউরোপিয়ান বাহিনী এত বিশাল আকার ধারন করে যে,তাদের নৌ বাহিনীর জাহাজ এবং ইউরোপিয়ান বাণিজ্যিক জাহাজগুলো দিছের তাদেরকে বহন করে আনা সম্ভব হচ্ছিল না।তাই ফ্রান্স আর ইংল্যান্ডের সৈন্যরা নৌ জাহাজে যাত্রা করলেও জার্মান বাহিনীকে স্থল পথে যাত্রা করতে হয়।

এবার আসুন আমরা একটু জেনে নেই,ঐ সময়ে ততকালীন মুসলিম সমাজের তথাকথিত কতিপয় আলেম উলামাদের প্রতিক্রিয়া কি ছিলো এবং তারা কি ভূমিকা পালন করেছিলেন।

ঐতিহাসিক ইবনে আসীর রহ. বলেন,ইউরোপিয়ানরা নৌপথ ও স্থল পথে এগিয়ে আসছিলো মুসলিমদের উপর আক্রমন করতে। চারিদিকে খবর ছড়িযে পড়লো যে শুধু জার্মান কিং একাই তিন লক্ষ দুর্ধর্ষ সৈন্যের এক বিশাল বাহিনী নিয়ে আক্রমন করতে উত্তর সীমান্ত দিয়ে এগিয়ে আসছে।

আলেম উলামাদের অনেকেই প্রথমে নিজেদেরকে যুদ্ধের জন্য প্রস্তুত করছিলেন যে তারা শাম অঞ্চলে গিয়ে শত্রুদের মোকাবেলায় আল্লাহর পথে জিহাদ করবে। কিন্তু পরক্ষনে তারা যখন নিশ্চিতভাবে ইউরোপীয় বাহিনীর সৈন্য সংখ্যা সম্পর্কে জানতে পারলেন,তখন তাদের অনেকেই পিঠ টান দিয়ে যুদ্ধের ময়দান ছেড়ে ফিরে আসলেন।

এখানে প্রশ্ন হলো তারা কেন পিছু হটে ছিলেন? সংখ্যা বেশি হলে কি ফিকহের পরিবর্তন হয়? তারা জিহাদে নিয়তে বের হয়েছিলেন,পরে সংখ্যাধিক্যের কারনে ফিরে যান,অথচ তারা ছিলেন আলিম। এখানে একটি শিক্ষনীয় বিষয় রয়েছে আর তা হল নিস্পাস,মাসুম বা ভুলের উর্দ্ধে নন। তারা আম্বিয়া নন। আলেমগন মানুষের মধ্যে থেকেই এসেছেন। তারা কখনো হকের উপর থাকবেন,আবার কখনো হকের পথ থেকে বিচ্যুত ও হয়ে যেতে পারেন। এ কারনেই এমন কোন নিশ্চয়তা নেই যে,মানুষ অন্ধভাবে আলিমদের পিছনে ছুটলে সব সময়ই তারা সঠিক পথ পেয়ে যাবে।তবে এটা আবশ্যক নয় যে একেবারে সব আলিমগন হক থেকে বিচ্যুত হয়ে যাবেন। কিছু আলিমদের ক্ষেত্রে এটি হতে পারে,সকল আলিমগনের ক্ষেত্রে নয়।

ইবনে আসীর রহ.ও কিছু সংখ্যক আলিমদের পিছনে ফিরে যাবার কথা বলেছেন।তিনি বলেছেন,তাদের বিরাট একটি অংশ ময়দান ছেড়ে চলে এসেছিলো।তবে একটি অংশ সর্বদাই অটল ছিল।

